



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

E-mail : info@bise-ctg.gov.bd, Website : www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/ক-শা/রেজিঃ (প্রাইভেট)/৩২০/০৮/৩৯৯৯(১২)

তারিখ : ২৭/০৯/২০১৮ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম -এর অধীনে ২০১৯ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় (এইচ.এস.সি) অংশগ্রহণেছু প্রাইভেট পরীক্ষার্থীদের জ্ঞাতব্য নিয়মাবলী :

- ১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষা বা সমমানের পরীক্ষা পাশের তিন বছর পর অর্থাৎ ২০১৪ এবং তৎপূর্বে এস.এস.সি / সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০১৯ সালের এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০১৯ সালের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষা পরিচালনার নিয়মাবলী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায় প্রযোজ্য হবে।
- ৩। শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীরত ব্যক্তি এবং অন্ধ ব্যক্তি ব্যতীত অন্যান্য সকল পর্যায়ে প্রাইভেট পরীক্ষার্থীকে বোর্ডের নির্ধারিত কোন কলেজের মাধ্যমে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৪। প্রাইভেট পরীক্ষার জন্য জেলাভিত্তিক নির্বাচিত কলেজসমূহের তালিকা নিম্নরূপ :

ক্রমিক	জেলার নাম	নির্বাচিত কলেজসমূহের নাম
০১	চট্টগ্রাম জেলা	ক) চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম খ) চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম (শুধুমাত্র মহিলাদের জন্য) গ) সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম (শুধুমাত্র ব্যবসায় শিক্ষা শাখার জন্য)
০২	কক্সবাজার জেলা	কক্সবাজার সরকারি কলেজ, কক্সবাজার।
০৩	রাঙ্গামাটি জেলা	রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৪	খাগড়াছড়ি জেলা	খাগড়াছড়ি সরকারি কলেজ, খাগড়াছড়ি পার্বত্য জেলা
০৫	বান্দরবান জেলা	বান্দরবান সরকারি কলেজ, বান্দরবান পার্বত্য জেলা

- ৫। প্রাইভেট পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা ও ইসলামী শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। তবে যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত), সে সকল বিষয় নেয়া যাবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয় গ্রহণ করতে পারবে না।
- ৬। বোর্ডের কোন কর্মচারী বোর্ডে কর্মরত নিজ বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে তারা ইচ্ছা করলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ৭। সকল পর্যায়ে প্রাইভেট পরীক্ষার্থীগণকে রেজিস্ট্রেশনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষের নিকট ২৮/০৯/২০১৮ থেকে ১৮/১০/২০১৮ তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি ও অন্যান্য দলিলাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে।
- ৮। প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত কলেজের অধ্যক্ষগণ তাঁদের প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট প্রাইভেট পরীক্ষার্থীদের ০২ (দুই) কপি তালিকা (পরীক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, এস.এস.সির রোল, রেজিঃ নম্বর, পাসের সন, পাসের বোর্ড এবং এইচ. এস.সির প্রাইভেট পরীক্ষার বিষয় ও বিষয় কোড উল্লেখপূর্বক) সহ প্রতি পরীক্ষার্থী রেজিস্ট্রেশনের জন্য ১০০/- (এক শত) টাকা হারে মোট তালিকাভুক্তির ফি সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম -এর অনুকূলে তফশিলী ব্যাংকের যে কোন শাখায় ডিডি/পে-অর্ডার করে মুরাদপুরস্থ শিক্ষাবোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে রসিদের মাধ্যমে জমা দিয়ে ০৮/১১/২০১৮ তারিখের মধ্যে জমা রসিদের কপিসহ এক কপি তালিকা হিসাব শাখায় এবং আর এক কপি কলেজ শাখায় জমা দিতে হবে।
- ৯। প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ০৬/১১/২০১৮ হতে ১২/১১/২০১৮ তারিখের মধ্যে অনলাইনে (~~www.bise-ctg.gov.bd~~) পূরন করতে হবে। পূরনকৃত অনলাইন(বন্ডওখ) তালিকা এবং মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করে ১৫/১১/২০১৮ তারিখের মধ্যে বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্যে, মূল নম্বরপত্রসমূহ তালিকার ক্রমানুযায়ী সাজিয়ে জমা দিতে হবে।
- ১০। ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের আগে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে। কোনক্রমেই মাধ্যমিক বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।
খ) এ ছাড়া যে সকল পরীক্ষার্থী কারিগরী শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে।

